



রামিসা হত্যায় সাত দিনের মধ্যে তদন্ত শেষের নির্দেশ আইনমন্ত্রীর



ছবি: সংগৃহীত

রাজধানীর পল্লবীতে শিশু রামিসাকে ধর্ষণের পর হত্যার ঘটনায় দ্রুত তদন্ত শেষ করে সাত দিনের মধ্যে প্রতিবেদন দাখিলের নির্দেশ দেওয়া হয়েছে ঢাকা মহানগর পুলিশ কমিশনারকে। নির্দেশটি দেন আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান।
বৃহস্পতিবার সকালে তিনি এ নির্দেশনা দেন। পরে তিনি বলেন, ঘটনার বিচার দ্রুত এগিয়ে নিতে প্রয়োজনীয় সব পদক্ষেপ নেওয়া হবে এবং আইনগত প্রক্রিয়া যত দ্রুত সম্ভব সম্পন্ন করা হবে।

গত মঙ্গলবার (১৯ মে) পল্লবীর একটি আবাসিক ফ্ল্যাট থেকে সাত বছরের শিশু রামিসার গলা কাটা মরদেহ উদ্ধার করে পুলিশ। এ ঘটনায় পাশের ফ্ল্যাটের ভাড়াটিয়া সোহেল রানার বিরুদ্ধে হত্যার অভিযোগ ওঠে। একই দিন সন্ধ্যায় নারায়ণগঞ্জের ফতুল্লা থেকে তাকে আটক করা হয়।
পরে গ্রেফতার সোহেল রানা আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দেন। এ ঘটনায় তার স্ত্রী স্বপ্না আক্তারকেও পুলিশ আটক করেছে।